



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৩২

১৩ আগস্ট ২০২৩
তারিখ: -----
২৯ শ্রাবণ ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

রপ্তানি সহায়ক প্রাক-অর্থায়ন তহবিল (EFPF) প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০১ তারিখ ০১ জানুয়ারি ২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. সূত্রোক্ত সার্কুলারের অনুচ্ছেদ নং-৯(ক) এর মাধ্যমে রপ্তানি সহায়ক প্রাক-অর্থায়ন তহবিল (Export Facilitation Pre-finance Fund সংক্ষেপে EFPF) এর আওতায় ঋণ সুবিধা গ্রহণের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে সুদহার সর্বোচ্চ ৪% নির্ধারণ এবং অনুচ্ছেদ নং-১০ এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংক হতে তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক গৃহীত প্রাক-অর্থায়ন তহবিলের বিপরীতে ১.৫% হারে সুদ প্রদান করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়।
৩. এক্ষেপে, ০১ জুলাই ২০২৩ হতে কার্যকর বাজার ভিত্তিক সুদহার নীতিমালার সাথে সামঞ্জস্য বজায় রাখার লক্ষ্যে EFPF এর আওতায় নতুন ঋণ সুবিধা প্রদানের ক্ষেত্রে সুদহার নির্ধারণ সংক্রান্ত বিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা যাচ্ছে:
 - (ক) গ্রাহক পর্যায়ে সুদহার হবে সর্বোচ্চ ৫%;
 - (খ) বাংলাদেশ ব্যাংক হতে অংশগ্রহণকারী ব্যাংকসমূহ (PFIs) কর্তৃক গৃহীত প্রাক-অর্থায়ন তহবিলের বিপরীতে ২% হারে সুদ প্রদান করতে হবে।
৪. এ তহবিল হতে অংশগ্রহণকারী ব্যাংকসমূহ (PFIs)- কে প্রদত্ত অর্থ পরিশোধসূচী অনুযায়ী কোনো ব্যাংক পরিশোধে ব্যর্থ হলে যে সময়ের জন্য ব্যর্থ হবে উক্ত সময়ে ব্যাংক রেটে সুদ প্রদেয় হবে।
৫. এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০১/২০২৩ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
৬. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হল।
৭. এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোনঃ ৯৫৩০২৫২